

Kings in the Grass Castles এর

মেরী ডুরাকের বাসা

চৌধুরী মোহাঃ সদর উদ্দিন



‘ডুরাক’ নামেটার সাথে প্রথম পরিচিত হয়েছিলাম ১৯৯৯ সালে। সিডনি থেকে ডারুইনে এসে যে পাড়াতে বাড়ি ভাড়া নিলাম তার নাম ডুরাক। প্রথম দিকে সিডনির হ্যারিস পার্কের মতই নামটা নিয়ে তেমন মাথা ঘামাইনি। ভেবে নিয়েছিলাম হবে করো একটা নামেই এই নাম। নামটা নিয়ে প্রথম মাথা ঘামালাম পরের বছরই যখন আমার ছেলে ভর্তি হলো ডুরাক স্কুলে। Patrick Durack,

Mary Durack নাম গুলো প্রায় চোখে পড়তে থাকল স্কুলের নানা কাগজ পত্রে। ইচ্ছায় হোক আর অনিচ্ছায় হোক ছেলে বড় হবার সুবাদে ডুরাক নামের পেছনের ইতিহাস জানতে থাকলাম ক্রমানয়ে। যতই জানলাম ততই বিস্মিত হলাম। অবশেষে সেই ডুরাক নামের পরিবারের Kings in the Grass Castles এর Mary Durack এর বাসা দেখার সৌভাগ্য হল ২০০৮এ এসে। মধ্য অস্ট্রেলিয়ার বিখ্যাত Argyle Lake এর কাছেই বাসাটা। এই এলাকাতে ডুরাক পরিবারের গোড়াপত্তন Patrick

Durack এর মাধ্যমে। ১৮৩৪ সালে আয়ারল্যান্ডের স্কারফিতে জন্ম নেয়া এই পশুপালক অভিযাত্রী ১৮৬৩ সালে কি অসম্ভব সাহসের সাথে ভাই Michael আর বোনের জামাই John Costello কে সাথে নিয়ে গরুর খামার করার জন্য দক্ষিণ-পশ্চিম কুইনসল্যান্ডের পথে পাড়ি দেন তা ভাবতেও অবাধ লাগে। সে যাত্রায় মধ্য অস্ট্রেলিয়ার মরুভূমির Aboreginal রা সাহায্য না করলে বেচে থাকাই কঠিন হতো। মাত্র তিন বছরের মাথায় ১৮৬৮ সালে আবার এই তিন অভিযাত্রী ৪৪,০৩০ বর্গ কি.মি. Pegging করে গড়াপত্তন করে ফেললেন তাদের সাধের খামার। তবে Argyle Lake এ ডুরাকদের আগমন ১৮৮২ সালে। গরু খামারের জন্য ভাল এলাকার খবর পেয়ে ভাই Michael এক দিক থেকে জাহাজ ভর্তি করে ঘোড়া আর অন্য সব কিছু নিয়ে রওনা হলেন, আর Patrick ব্যবস্থা করে ফেললেন ৭২৫০ টা গাভী, ২০০ টা ঘোড়ার বছরের পদ যাত্রা। ৩০০০ মাইলের এই যাত্রা শেষ হতে সময় লেগেছিল ২ বছর ৪ মাস। অর্ধেক গরু আর বেশ কিছু সহযাত্রী পথেই শেষ হয়ে গিয়েছিল। এই অভিযাত্রায় খরচ হয়েছিল ৭২,০০০ পাউন্ডের। অবশেষে ১৮৮৬ সালে Patrick এর দুই বড় ছেলে পত্তন করে ফেললেন Argyle Station এর। ১৮৮৯ সালে কুইনসল্যান্ডে অর্থনৈতিক ভাবে দারুণ ক্ষতিগ্রস্ত হয়ে স্ত্রীকে নিয়ে



Patrick চলে আসেন Argyle Station এ। এই এলাকার প্রথম সাদা মহিলা তার স্ত্রী। তার কারনেই তৈরী হয় এই এলাকার প্রথম আধুনিক বাসা। বেশী দিন বেচেছিলেন না, মাত্র চার বছর পরেই ১৮৯৩ এর জানুয়ারিতে ম্যালেরিয়া হয়ে মারা গেলেন এই মহিলা। ১৮৯৮ সালে মারা গেলেন Patrick Durack। দুইজনেরই সমাধি এই বাসাতে। Mary Durack এর বিখ্যাত সব বই Kings in the Grass Castles, Keep Him My Country এই বাসাকে কেন্দ্র করেই লেখা আর সেই থেকে বাসাটার পরিচিতি বেড়েছে Mary Durack এর বাসা হিসাবে। Patrick Durack যে জায়গায় বাসাটি তৈরী করেছিলেন তা আজ Lake Argyle-এর পানির নিচে। সেই বাসাটিকেই অসম্ভব সাবধানতা আর দক্ষতার সাথে একটা একটা করে পাথর সরিয়ে বর্তমান জায়গায় নিয়ে এসে সরকারি ভাবে উদ্বোধন করা হয়েছে ১৯৭৯ সালে। প্রথমেই যেটা চোখে পড়ে তা হচ্ছে কি শক্ত করে তৈরি এই বাসা, বুঝতে অসুবিধা হয়না Patrick Durack এটা তৈরি করেছিলেন পাকাপক্তো ভাবে থাকার চিন্তা করেই। সামনের দুই ঘরে রাখা আছে ডুরাক পরিবারের ইতিহাস, Maryr লেখা বিখ্যাত বইগুলি আর Elizabeth এর আকা ছবি, এর মাঝে আছে The way of the Whirlwind আর Piccaninies তার সাথে বই King in the Grass Castle. অন্য দুই ঘরে আছে Aboriginal দের আর stockmen দের ব্যবহার করা বিভিন্ন জিনিস। বাগানে আছে ডুরাক পরিবারের বিভিন্ন সদস্যের সমাধি। আজ ডারহাম বন্দর থেকে প্রতিদিনই রপ্তানি হচ্ছে হাজার হাজার গরু। জাহাজ ভর্তি করে গরু যাচ্ছে নানা দেশে, এর পিছনের ইতিহাস কিভাবে এই ডুরাক পরিবারের সাথে জড়িয়ে আছে তা ভাবলে অবাক হতে হয়।

